369

# বিশ্বে এখন ৮০ কোটি লোক নিরক্ষর

প্যারিস, ১৫ই সেপ্টেম্বর (এনা)।—জাতিসংঘ শিক্ষা, বিজ্ঞান ও সংস্কৃতি সংস্থা (ইউনেস্কো)-এর মহাপরিচালক আমাদু মাহতার এম বো ১৫তম আন্তর্জাতিক সাক্ষরতা দিবস পালন উপলক্ষে আয়োজিত এক অনুষ্ঠানে বলেন, বিশ্বে এখন ৮০ কোটি নিরক্ষর লোক রয়েছে।

নিরক্ষরতা দূরীকরণে গত ১০ বছরের প্রয়াসকে অভিনন্দিত করে এমবো বলেন, এই প্রয়াসের ফলে ১৯৭০ সালে যেখানে বিশ্বে নিরক্ষরতার হার ছিল শতকরা ৩২ দশমিক ৪ ভাগ, ১৯৮০ সালে তা নেমে এসেছে শতকরা ২৮ দশমিক ৯ ভাগে। তিনি বলেন, তারপরও বর্তমান বিশ্বে প্রতি চারজন প্রাপ্ত বয়স্ক লোকের মধ্যে একজনেরও বেশী লিখতে পড়তে পারে না। নিরক্ষরতার নিম্ন হার সত্বেও নিরক্ষর লোকের প্রকৃত সংখ্যা এখনো বাড়ছে। নিরক্ষর লোকের সংখ্যা গত বছর ৮০ কোটি ছাড়িয়ে গেছে। ১৯৭০ সালে এই সংখ্যা ছিল ৭৪ কোটি ২০ লাখ। এ শতাব্দীর শেষ নাগাদ আরো ১০ কোটি বাড়বে বলে মনে করা হচ্ছে।

এম বো বলেন, বিশ্বে নিরক্ষর লোকের চার ভাগের তিন ভাগ রয়েছে এশিয়ায়। এই সংখ্যা এশিয়ার মোট জনসংখ্যার শতকরা ৩৮ দশমিক ৪ ভাগ। আফ্রিকায় শতকরা ৬০ দশমিক ৬ ভাগ এবং ল্যাটিন আমেরিকায় শতকরা ২০ দশমিক ৩ ভাগ লোক নিরক্ষর।

এম বো প্রাপ্ত বয়স্কদের নিরক্ষরতা দূর করা এবং স্কুল যাওয়ার বয়সী সকল শিশুর শিক্ষা নিশ্চিত করার উদ্দেশ্যে জোর কার্যক্রম গ্রহণ করার জন্য বিশ্বসম্প্রদায়ের প্রতি আহ্বান জানান।

নিরক্ষরতার বিরুদ্ধে জাতীয় ও আন্তর্জাতিক প্রয়াস সমাবেশ করার উদ্দেশ্যে ১৯৬৬ সালে ইউনেস্কোর ১৪তম সাধারণ সম্মেলনে ৮ই সেপ্টেম্বরকে আন্তর্জাতিক সাক্ষরতা দিবস ঘোষণা করা হয়।